



নিউ ইয়র্ক স্টেটের আর্নড ইনকাম ক্রেডিটের (Earned Income Credit) একটি সংক্ষিপ্ত গাইড

আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন, যদি আপনি:

- যুক্তরাষ্ট্রীয় আর্নড ইনকাম ক্রেডিটের যোগ্য হন ও দাবি জানান, এবং
- Form IT-209 (ফর্ম IT-209) (কেবলমাত্র ইংরেজিতে উপলব্ধ) দাখিল করার দ্বারা **Noncustodial Parent New York State Earned Income Credit (ননকাস্টোডিয়াল পিতা/মাতার নিউ ইয়র্ক স্টেটের আর্নড ইনকাম ক্রেডিটের)** দাবি না জানিয়ে থাকেন।

যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটের যোগ্য হওয়া সম্পর্কে আরও তথ্যের জন্য IRS EITC (মার্কিন যুক্তরাষ্ট্রের রাজস্ব পরিষেবার শ্রম আয় কর ছাড়) ওয়েব পেজটি দেখুন।

পরিচিতির সংখ্যাগুলি

18 ডিসেম্বর, 2015 তারিখের পরে দাখিল করা ক্রেডিটের দাবির জন্য কার্যকর হওয়ায় আপনার নিজের ও আপনার প্রত্যেক উপযুক্ত সন্তানের বিবরণীর নির্ধারিত তারিখের মধ্যে (বর্ধিত সময় সহ) একটি করে বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকা আবশ্যিক।

এই ক্রেডিটের রাশি কত?

এই ক্রেডিট আপনার অনুমোদনযোগ্য যুক্তরাষ্ট্রীয় আর্নড ইনকাম ক্রেডিটের 30% এর চেয়ে দাবি করা পারিবারিক ক্রেডিটের যে কোনো রাশির সমান পরিমাণ কম হবে।

এই ক্রেডিটের আবেদন করতে অথবা আরও জানতে, Form IT-215 (ফর্ম IT-215), Claim for Earned Income Credit (আর্নড ইনকাম ক্রেডিটের দাবি), এবং এর নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

রেকর্ড রাখার প্রয়োজনীয়তাগুলি

আপনি এই ক্রেডিটের দাবি জানালে আপনাকে আয় অর্জন করা প্রমাণ করতে হবে। আপনি যে বছরের জন্য ক্রেডিট দাবি করার পরিকল্পনা করছেন তার সারা বছর জুড়ে রেকর্ড ভালোভাবে বজায় রাখা নিশ্চিত করুন।

আপনি স্ব-নিযুক্ত হলে আপনার নিম্নলিখিত তথ্যের প্রয়োজন হবে:

- প্রতিদিনের অর্জিত ব্যবসায়িক আয় ও প্রদত্ত ব্যবসায়িক খরচ প্রদর্শন করা খাতাপত্র ও রেকর্ড। রেকর্ডগুলিতে **অবশ্যই** আপনার স্থূল প্রাপ্তি, ব্যবসায়িক খরচ এবং সম্পদ ও ইনভেন্টারির ক্রয়মূল্য সঠিকভাবে নির্ধারণ করার মতো যথেষ্ট তথ্য থাকতে হবে।



- যে সব নথিপত্র খাতাপত্রের ও রেকর্ডের লেখাকে সমর্থন করে, যেমন, নগদের রেজিস্টারে প্রাপ্তি, ব্যাঙ্ক বিবৃতি, জমার স্লিপ, বাতিল চেক, চালান, ক্রেডিট কার্ডে বিক্রির স্লিপ, এবং ফর্ম 1099-MISC.

যখন অনুরোধ করা হবে তখন এগুলি না দেখালে আপনি ক্রেডিট পাবেন না।

রেকর্ড রাখার প্রয়োজনীয়তাগুলির সম্পর্কে আরও জানতে, Form DTF-215 (ফর্ম DTF-215) *Recordkeeping Suggestions for Self-employed Persons* (স্ব-নিযুক্ত ব্যক্তিদের রেকর্ড রাখার প্রস্তাবগুলি) (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

দ্রষ্টব্য: আপনি পুরো-বছরের বাসিন্দা হলে এই ক্রেডিট আপনার বাকি থাকা করের রাশির চেয়ে বেশি হয়ে গেলে অবশিষ্ট অংশ আপনাকে ফেরত দিয়ে দেওয়া হবে।